



সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০১.১৯.৩৫৬.১৩.

তারিখ : ১৬ জুন ২০১৬ খ্রি.

প্রেস রিলিজ

তথ্য মন্ত্রণালয়স্বত্বাধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের বর্তমান ভবন সম্প্রসারণ ও অডিটোরিয়াম নির্মাণ কর্মসূচির আওতায় নির্মিত 'শেখ রাসেল অডিটোরিয়াম' আজ ১৬ জুন, ২০১৬ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় তথ্য মন্ত্রী, জনাব হাসানুল হক ইনু, এমপি উদ্বোধন করেন। বাংলাদেশ সরকারের অর্থায়নে জুলাই ২০১০ থেকে জুন ২০১৫ মেয়াদে ১২৫০.৫৭ লক্ষ টাকা ব্যয়ে এ কর্মসূচি বাস্তবায়ন করা হয়। তথ্য মন্ত্রণালয়ের সচিব জনাব মরতুজা আহমদ বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক জনাব মোহাম্মদ নূরুল ইসলাম।

এ অডিটোরিয়াম নির্মাণের ফলে তাত্ত্বিক ও ব্যবহারিক প্রশিক্ষণ কর্মসূচি সুষ্ঠুভাবে পরিচালন করে মানব সম্পদের উন্নয়ন ঘটানো সম্ভব হবে। অডিটোরিয়াম ব্যবহারের মাধ্যমে সামাজিক, শিল্প-সাহিত্য ও সাংস্কৃতিক কর্মকাণ্ড ত্বরান্বিত হবে। অডিটোরিয়াম ভাড়া দেওয়ার ফলে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে।

আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা
- ২। মুখ্য বার্তা সম্পাদক / চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / চ্যানেল আই / একুশে টিভি / এনটিভি / সময় টিভি / আরটিভি/ দৈনিক ইত্তেফাক / দৈনিক জনকণ্ঠ / দৈনিক প্রথম আলো / দৈনিক যুগান্তর / বাংলাদেশ প্রতিদিন / দৈনিক ভোরের কাগজ/ দৈনিক ভোরের পাতা / দৈনিক সকালের খবর/ এবিসিনিউজবিডি.কম।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। কার্যালয় নথি।